

১৪২৮ বাংলা সনের জন্য হাটবাজার ইজারার দরপত্র আহ্বান পুন: বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ খ্রিস্টাব্দ তারিখের স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ মূলে জারীকৃত সরকারী হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর মর্মানুযায়ী এবং প্রশাসন-২ শাখার স্মারক নং ৪৬.০৪১.০৩০.০১. ০০.০০১.২০১৮.৯৩, তারিখ ২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ মূলে জারীকৃত পরিপত্র ও কুলাউড়া উপজেলা পরিষদের ২২.০৪.২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার (বিশেষ সভা) সিদ্ধান্ত মোতাবেক কুলাউড়া উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন হাটবাজার সমূহ ১৪২৮ বাংলা সনের (১লা বৈশাখ ১৪২৮ হতে ৩০ শে চৈত্র ১৪২৮ পর্যন্ত) জন্য ইজারা প্রদানের জন্য নিম্নবর্ণিত শর্তে বন্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। ইজারা গ্রহণে অগ্রহী ব্যক্তিগণের নিকট হতে নির্ধারিত ফরমে দরপত্রে অংশগ্রহণের জন্য আহ্বান করা হলো। দরপত্র সিডিউল নির্ধারিত মূল্য (অফেরতযোগ্য) দিয়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় সংগ্রহ করা যাবে ও বিস্তারিত তথ্য জানা যাবে।

দরপত্র ফরম ত্রয় ও দাখিল সংক্রান্ত তথ্যাদি

দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়	দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান	দরপত্র সিডিউল দাখিলের স্থান
০৩/০৫/২০২১ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত	০৪/০৫/২০২১ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত	০৪/০৫/২০২১ বিকাল ৩.০০ ঘটিকা	১. জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। ২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুলাউড়া, মৌলভীবাজার। ৩. উপজেলা ভূমি অফিস, কুলাউড়া, মৌলভীবাজার। ৪. সোনালী ব্যাংক লি, কুলাউড়া শাখা ৫. কুলাউড়া থানা, কুলাউড়া।	১. জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। ২. পুলিশ সুপারের কার্যালয়, মৌলভীবাজার ৩. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুলাউড়া। ৪. উপজেলা ভূমি অফিস কুলাউড়া।

১৪২৮ বাংলা সনের জন্য ইজারায়োগ্য হাট-বাজারের তালিকা

ক্রঃনং	হাট-বাজারের নাম	ইউনিয়নের নাম	সরকারী ইজারামূল্য	সিডিউল মূল্য	মন্তব্য
১.	নবাবগঞ্জবাজার	ভূকশিমইল	১,১৩,৮৩০/-	১,০০০/-	
২.	ইসলামগঞ্জবাজার	ভূকশিমইল	বাজার বসে না	৫০০/-	
৩.	ব্রাহ্মণবাজার	ব্রাহ্মণবাজার	১,০৯,২৮,৭৬৬/-	২২,৬০০/-	
৪.	শ্রীপুর বাজার	ব্রাহ্মণবাজার	৬০৪২/-	৫০০/-	
৫.	জনতা বাজার	কুলাউড়া	৭০৭/-	৫০০/-	
৬.	পীরেরবাজার	রাউৎগাঁও	বাজার বসে না	৫০০/-	
৭.	কাউকাপন বাজার	হাজীপুর	বাজার বসে না	৫০০/-	
৮.	নছিরগঞ্জবাজার	শরীফপুর	৪,৩১,০০০/-	১৬০০/-	
৯.	হৈদলবাজার	পৃথিমপাশা	২,১২৩/-	৫০০/-	
১০.	বৃন্দারানী দীঘিরপাড় বাজার	পৃথিমপাশা	৮,৯৫৭/-	৫০০/-	
১১.	রাঙ্গিছড়া বাজার	পৃথিমপাশা	--	-	স্বত্ব মামলা জড়িত

১৪২৮ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

- বাংলা ১৪২৮ সনের ১লা বৈশাখ হইতে ১৪২৮ সনের ৩০ শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।
- দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিষ্কার না করিলে অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যর্পণ করা হইবে।
- যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

- ৪। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আস্থানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।
- ৫। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
- ৬। কোন প্রকার ঘষা-মাজা, কাটা, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৭। সড়কের উপর কিংবা সংলগ্ন স্থানে অথবা রাস্তার উপর/পার্শ্বে কোন দোকান পাট স্থাপন করা যাবে না।
- ৮। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।
- ৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।
- ১০। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১১। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।
- ১২। দুই বা ততোধিক দরপত্র দাতাদের দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ১৩। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।
- ১৪। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- ১৫। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৬। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।
- ১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।
- ১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৯। হাটবাজার ইজারার টাকা The Public Demand Recovery Act, 1913 অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ২০। ব্রান্ডবাজার ও নসীরগঞ্জবাজারের ক্ষেত্রে পূর্ববর্তী ইজারা বিজ্ঞপ্তির ৪র্থ পর্যায়ে দাখিলকৃত সর্বোচ্চ দরের অধিক দর পাওয়া না গেলে ৪র্থ পর্যায়ে দাখিলকৃত সর্বোচ্চ দরসমূহ কার্যকর থাকবে। পূর্ববর্তী বিজ্ঞপ্তির ৪র্থ পর্যায়ের অংশগ্রহণকারীগণ এ বিজ্ঞপ্তির ইজারা কার্যক্রমে পূর্ববর্তী জামানতের সাথে সমন্বয় করে অংশগ্রহণ করতে পারবেন।

২২/০৮/২০২১
(এ টি এম ফরহাদ চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
কুলাউড়া, মৌলভীবাজার।
ফোন নং-০৮৬২৪-৫৬০৮০

ই-মেইল: unokulaura@mopa.gov.bd
তারিখ: ২২/০৮/২০২১ খ্রি.

স্মারক নং-০৫.৪৬.৫৮-৬৫.০০২.০১.০০৬.২০.৪৩৮


অনুলিপি- সদয় অবগতির জন্য -

২৫. মাননীয় সংসদ সদস্য, মৌলভীবাজার-২
২৬. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
২৮. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
২৯. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৩০. পুলিশ সুপার, মৌলভীবাজার।
৩১. উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
৩২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলাউড়া, মৌলভীবাজার।

অবগতি ও বহুল প্রচারের জন্য-

৩৩. উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/রাজনগর/শ্রীমঙ্গল/জুড়ী/কমলগঞ্জ/বড়লেখা।
৩৪. সহকারী কমিশনার (ভূমি), কুলাউড়া, মৌলভীবাজার।
৩৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলাউড়া, মৌলভীবাজার।
৩৬. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার।
৩৭. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, মীরের ময়দান, সিলেট। বিজ্ঞাপনটি সংবাদ বুলেটিনে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৩৮. উপজেলা কর্মকর্তা, কুলাউড়া, মৌলভীবাজার।
৩৯. অফিসার ইনচার্জ, কুলাউড়া থানা।

৪০. চেয়ারম্যান,----- ইউনিয়ন পরিষদ, কুলাউড়া (সকল)। অবগতি ও তাঁর এলাকাধীন হাট-বাজারে ঢোল সহরত/মাইকিং করাসহ বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো।
৪১. সহকারী প্রোগ্রামার, তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, কুলাউড়া। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৪২. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি./কৃষি ব্যাংক, কুলাউড়া শাখা।
৪৩. জনাব.....
৪৪. সম্পাদক,..... বিজ্ঞাপনটি আগামী /০৪/২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে শর্তাবলীসহ স্বল্প পরিসরে ভিতরের পাতায় একবার প্রকাশ পূর্বক ০৩টি সৌজন্য কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৪৫. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ----- ইউনিয়ন ভূমি অফিস, কুলাউড়া (সকল)। বিজ্ঞপ্তিটি তার এলাকাধীন হাট-বাজারসমূহে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারক্রমে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
৪৬. জনাব..... (প্রাক্তন ইজারাদার), পিতা.....
গ্রাম.....ডাক.....উপজেলা.....জেলা:মৌলভীবাজার।
৪৭. জনাব-----, পূর্ববর্তী ইজারা বিজ্ঞপ্তির ৪র্থ পর্যায়ের অংশগ্রহণকারী।
৪৮. নোটিশ বোর্ড, অত্রাফিস।
৪৯. অফিস কপি।


২৪/০৪/২০২১
(এ টি এম ফরহাদ চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
কুলাউড়া, মৌলভীবাজার।
ফোন নং-০৮৬২৪-৫৬০৮০
ই-মেইল: unokulaura@mopa.gov.bd